

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়  
২৭টি প্রশাসনিক পদ থেকে ১৪  
শিক্ষকের পদত্যাগপত্র গৃহীত

■ রংপুর অফিস  
অবশেষে বেগম রোকেয়া  
বিশ্ববিদ্যালয়ের ২৭টি প্রশাসনিক  
পদ থেকে ১৪ শিক্ষকের  
পদত্যাগপত্র গ্রহণ করেছে

কর্তৃপক্ষ। বৃধবার তাদের  
পদত্যাগপত্র গৃহীত হয়েছে বলে  
বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার  
(অতিরিক্ত দায়িত্ব)-মোর্শেদ-উল-  
আলয় রনি স্বাক্ষরিত চিঠিতে  
জানানো হয়েছে।  
মোর্শেদ-উল-আলয় রনি জানান,  
পদোন্নতিসহ বিভিন্ন দাবিতে গত  
বছরের ৯ থেকে ১৭ ডিসেম্বরের  
মধ্যে ১৮ শিক্ষক মোট ৩৫টি  
প্রশাসনিক পদ থেকে পদত্যাগ  
করেন। এসব পদত্যাগপত্র  
রেজিস্ট্রারের কাছে জমা দেওয়া  
হয়। এরই মধ্যে চারজন শিক্ষক  
আটটি পদে তাদের পদত্যাগপত্র  
প্রত্যাহার করে দায়িত্বে যোগ  
দিয়েছেন। ১৪ শিক্ষক ২৭টি পদে  
তাদের পদত্যাগপত্র প্রত্যাহার  
করেননি। উপাচার্য তাদের  
পদত্যাগপত্র প্রত্যাহারের পরামর্শ  
দিয়েছিলেন। কিন্তু তারা তাদের  
দাবিতে অটল। অবশেষে  
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের  
পদত্যাগপত্র গ্রহণ করে।